

🗏 ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬:২৮

া আরবি মূল আয়াত:

وَ مَا أَنزَلنَا عَلَى قَومِهِ مِن بَعدِهٖ مِن جُندٍ مِّنَ السَّمَآءِ وَ مَا كُنَّا مُنزِلِينَ ﴿ ٢٨﴾

আর আমি তার (মৃত্যুর) পর তার কওমের বিরুদ্ধে আসমান থেকে কোন সৈন্য পাঠাইনি। আর তা পাঠানোর কোন দরকারও আমার ছিল না। — আল-বায়ান

আমি তার মৃত্যুর পর তার জাতির বিরুদ্ধে আসমান থেকে কোন সৈন্যবাহিনী পাঠাইনি, আর তা পাঠানোর আমার কোন দরকারও ছিল না। — তাইসিরুল

আমি তার মৃত্যুর পর তার সম্প্রদায়ের বিরুদ্ধে আকাশ হতে কোন বাহিনী প্রেরণ করিনি এবং প্রেরণের প্রয়োজনও ছিলনা। — মুজিবুর রহমান

And We did not send down upon his people after him any soldiers from the heaven, nor would We have done so. — Sahih International

২৮. আর আমরা তার পরে তার সম্প্রদায়ের বিরুদ্ধে আসমান থেকে কোন বাহিনী পাঠাইনি এবং পাঠাবারও ছিলাম না।(১)

(১) কাতাদাহ বলেন, অর্থাৎ তাদের জন্য আর কোন কথা বা কোন প্রকার তিরস্কার আসমান থেকে করা হয়নি। বরং সাথে সাথেই তাদের জন্য আযাবের পরোয়ানা নাযিল হয়ে গিয়েছিল। আর সেটা ছিল এক বিকট শব্দ, যা তাদের নিরব নিথরে পরিণত করল। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

- (২৮) আমি তার মৃত্যুর পর তার সম্প্রদায়ের বিরুদ্ধে আকাশ হতে কোন বাহিনী প্রেরণ করিনি[1] এবং বাহিনী প্রেরণ করা আমার নীতিও ছিল না। [2]
 - [1] অর্থাৎ, হাবীব নাজ্জারের হত্যার পর আমি তাদেরকে ধ্বংসের জন্য আসমান থেকে ফিরিশতাদের কোন বাহিনী প্রেরণ করিনি। এ কথা বলে ঐ জাতির তুচ্ছ হওয়ার প্রতি ইঙ্গিত করা হয়েছে।
 - [2] অর্থাৎ, যে জাতিকে ধ্বংস করার অন্য পস্থা লেখা হয়, সে জাতির জন্য আমি ফিরিশতাও প্রেরণ করি না।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3733

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন